ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৫৭৩

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৪

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ২২ অক্টোবর, ২০২৪ তারিখে স্যন্দন পত্রিকায় '১০ মাসে রাজ্যে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা ৭৫০, আতঙ্ক বাড়ছে' শিরোনামে প্রকাশিত সংবাদটি জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এ প্রসঙ্গে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, উক্ত সংবাদটি সঠিক নয়। ত্রিপুরা রাজ্যে ডেঙ্গুতে কোনো গুরুতর রোগী শনাক্ত হয়নি এবং এখন পর্যন্ত ডেঙ্গুর কারণে কারও মৃত্যুর খবর পাওয়া যায়নি। ডেঙ্গুর কারণে রাজ্যে কোনো জটিলতাও তৈরি হয়নি। ডেঙ্গু নিয়ন্ত্রণে প্রতিটি জেলায় কীটনাশকযুক্ত মশারি বিতরণ করা হয়েছে এবং প্রতিরোধমূলক পদক্ষেপ জোরদার করা হয়েছে। যেসব এলাকায় আগে ডেঙ্গু আক্রান্তের খবর পাওয়া গেছে সেসব এলাকায় ডেঙ্গু আক্রান্তের সংখ্যা নিয়ন্ত্রণে রয়েছে। মশা নিয়ন্ত্রণের জন্য কর্মসূচিগুলো আরও শক্তিশালী করা হয়েছে এবং স্বাস্থ্য দপ্তর এই পরিস্থিতি নিয়ে সজাগ রয়েছে। রাজ্য ডেঙ্গুজনিত যে কোনো পরিস্থিতির মোকাবিলার জন্য সম্পূর্ণ প্রস্তুত এবং প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ডেঙ্গু সনাক্তকরণের জন্য রাজ্যে র‍্যাপিড টেস্ট কিট পর্যাপ্ত পরিমাণে মজুত রয়েছে। ডেঙ্গু রোগীর চিকিৎসার প্রয়োজনীয় ব্যবস্থা প্রতিটি স্বাস্থ্য প্রতিষ্ঠানে রয়েছে। উপরন্ত রাজ্যস্তরের একটি প্রতিনিধিদলও সর্বদা পরিস্থিতির উপর নজর রাখছে।

*****